REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

বিজ্ঞাপনদাতাগণের প্রতি নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী।

৫ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৪এ বৈশাখ বুধবার ১৩২৬ ইংরাজী 7th May 1919. | ৪৩শ সংখ্যা।


## কেশরঞ্জন তৈল




**কেশরঞ্জন নূতন নহে।**—এ নবযুগে, যখন দেশে কোন স্বদেশী সুগন্ধি কেশতৈলের প্রচলন ছিল না—কেশরঞ্জন তখন আবির্ভূত হইয়া, আজ পর্য্যন্ত অব্যাহতভাবে, সমগ্র ভারতবাসীর মনোরঞ্জন করিয়া আসিতেছে। নিত্য নিত্য নব নব বিজ্ঞান রঙ্গে রঞ্জিত নাম বিশিষ্ট কত কেশতৈল বাহির হইতেছে। কিন্তু "কেশরঞ্জনের" আদর প্রতিপত্তি ও সুযশ এখনও অক্ষুণ্ণ।

**কেশরঞ্জন সুগন্ধে বিশ্ববিজয়ী।**—বিংশতি বৎসর পূর্ব্বে "কেশরঞ্জনের" উপাদানে যে সব দেব-দুর্ল্লভ দ্রব্যের সমাবেশ ছিল, আজও সেই সবই আছে; বরং সময়োপযোগী করিবার জন্য আরও নূতন নূতন উপাদান সংযোজিত হইয়াছে। ইহাতে দিন দিন "কেশরঞ্জনের" গুণ, যশ ও আদর বৃদ্ধি পাইতেছে।

**কেশরঞ্জন ভারতের গৃহে গৃহে।**—এখন নিজের শক্তিবলে মহাপরীক্ষায় উত্তীর্ণ হইয়া "কেশরঞ্জন" ভারতের গৃহে গৃহে বিরাজমান। কেবল ভারতে কেন—সুদূর ব্রহ্ম, সিংহল প্রভৃতি জনস্থানেও ইহার যথেষ্ট সমাদর।

**কেশরঞ্জনের প্রতিদ্বন্দ্বী নাই।**—কেন না, অনেকে অনুকরণের চেষ্টা করিয়াও সিদ্ধমনোরথ হইতে পারেন নাই।—কেন না, ভারত, ব্রহ্ম ও সিংহলের বড় বড় দিক্‌পাল, দেশাধিপতি, রাজা-মহারাজা হইতে সামান্য কুটীরবাসী পর্য্যন্ত কেশরঞ্জন ব্যবহার করেন। "কেশরঞ্জন" সুগন্ধে অননুকরণীয়,—গুণে অতুলনীয়। ইহা মস্তিষ্ক-রোগের আশু-প্রতিকারে মন্ত্রশক্তি সম্পন্ন।

এক শিশি ১৲ এক টাকা, মাশুলাদি ।৶০ সাত আনা, তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা, মাশুলাদি ৸৶০ পোনর আনা। ডজন ৯৲ নয় টাকা, মাশুলাদি স্বতন্ত্র।

## দুইটী চিত্রের তুলনায় সমালোচনা।

**স্বাস্থ্যহীনতার চিত্র।**

মলিন মুখ, বিশীর্ণ দেহ, এক একখানি করিয়া যেন পঞ্জর দেখা দিতেছে। আহারে রুচি নাই, ক্ষুধা নাই, কাজে মন লাগে না, সর্ব্বদা মনের ভিতর দুশ্চিন্তা, রাত্রে নিদ্রা হয় না। শারীরিক ও স্নায়বিক দৌর্ব্বল্য এত বেশী যে আধপোয়া পথ চলিলে খুব ক্লান্ত হইতে হয়। কিন্তু যদি আমাদের "অশ্বগন্ধারিষ্ট" কিছুদিন সেবন করেন—তাহা হইলে নবজীবন লাভ করিবেন।

**স্বাস্থ্যপূর্ণতার চিত্র।**

তখন দেখিবেন—আপনার বিশীর্ণ গণ্ডে লোহিতাভ সঞ্চার হইয়াছে। আহারে রুচি হইয়াছে। শারীরিক ও মানসিক শ্রম করিতে আর আপনি অপারক নন। সম্মুখে ইউনিভারসিটী পরীক্ষা। নব উৎসাহে, নবজীবনে আপনি দিনরাত খাটিতেছেন—একটুও ক্লান্তি নাই, অবসাদ নাই। এ জন্য জানিয়া রাখুন—সর্ব্ববিধ স্নায়বিক ও দৈহিক দুর্ব্বলতার জন্য আমাদের অশ্বগন্ধারিষ্ট দেশপ্রসিদ্ধ মহৌষধ।

এক শিশির মূল্য ১৲ এক টাকা; মাশুলাদি ॥৶০ এগার আনা।

গবর্ণমেণ্ট-মেডিক্যাল-ডিপ্লোমাপ্রাপ্ত,

**শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সেনগুপ্ত কবিরাজের**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা

## হিলিংবাম

**নূতন ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।**

১ মাত্রায় পরিচয়! এক দিবসে জ্বালাক্ষয়!! এক সপ্তাহে নিরাময়!!!

মেহের জড় "গণোকোকাই" জড় নষ্ট না হইলে রোগ সারে না। হিলিংবাম এ জড়-নষ্টকর উপাদানে প্রস্তুত, সেই জন্য কেবল মাত্র ইহাই মেহের মহৌষধ। মেহ রোগ আজ কাল শতকরা ৯৫ জনের হয়। কিন্তু এই রোগ-রাক্ষসের সমুচিত ঔষধ "হিলিংবাম"। আর বাজে ঔষধ সেবন করিয়া শক্তি অর্থ ও সামর্থ্য নষ্ট করিবেন না। **আমাদের ঔষধ ২৪ বৎসরের অধিক পুরাতন।**

আজ কাল ভাল ঔষধের 'ভেল' হইয়া থাকে, আমাদের হিলিংবামও এ বিষয়ে ছাড় পায় নাই। জাল হিলিংবাম ছাড়া অনেক "বাম" আজ কাল বাজারে দেখা দিয়াছেন। এই সকল অসার ঔষধ হইতে সাবধান হইবেন।

মেহ রোগ কি, তাহা বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইগুলি—প্রস্রাবের জ্বালা যন্ত্রণা, প্রস্রাব সরল না হওয়া, বার বার বেগ হওয়া, কিন্তু প্রস্রাব খোলসা না হইয়া মূত্রনালী টন্ টন্ করা, রক্ত পূঁজ যুক্ত খড়িগোলার মত বা ঘোলা প্রস্রাব হওয়া, কাপড়ে সাদা সাদা দাগ লাগা, মাথাধরা, মাথাঘোরা, জ্বরভাব, কাজে মন না লাগা, কোষ্ঠ কাঠিন্য হাত-পা-গা টাটান, গাঁট কন্ কন্ করা, কিছু মনে না থাকা, রাত্রে ভাল ঘুম না হওয়া, অল্প উত্তেজনায় এমন কি প্রস্রাবসহ বা কোষ্ঠ ত্যাগকালে ধাতুক্ষয়, স্বপ্নদোষ, আংশিক পুরুষত্বহানি ইত্যাদি। হিলিংবাম যে কত শত সহস্র প্রশংসা পত্র পাইয়াছে তাহা গুনিয়া শেষ করা যায় না। ধনী নির্ধন স্ত্রী পুরুষ সকলেই ঔষধের অত্যাশ্চর্য্য উপকারিতা দেখিয়া প্রশংসা করিতে বাধ্য হইয়াছেন। কিন্তু এ সকল বাদ দিলেও নিম্নে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন।

### কেবল কয়েকজন ডাক্তারের নাম।

(১) কর্ণেল কে, পি, গুপ্ত, (আই, এম, এস,) এম, এ, এম, ডি,—এফ, আর, সি, এস—পি, এস, ডি,—এস, এস, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস,) এম, ডি, সি, এম; (৩) মেজর এন, পি, সিংহ, (আই, এম, এস,) এম, আর, সি, পি এম, আর, সি, এস; (৪) ডাঃ এস, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ই, এস, পুষং এম, ডি; (৭) আর মনিয়ার এম, বি, সি, এম; (৮) ডাঃ টি, ইউ, আমেদ এম, বি, সি, এম, এল, এস, এ; (৯) ডাঃ এ, ফারমী, এল, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ জি, সি, বেজবড়ুয়া, এল, আর, সি, পি, এল, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, আর, সি,পি, এণ্ড এস ইত্যাদি।

হিলিংবাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য বড় শিশি ২॥০; ছোট শিশি ১৸০; ভিঃ পিঃতে প্যাকিং ও ডাক খরচাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৪এ বৈশাখ বুধবার, ১৩২৬ সাল।

## জজ ও সব জজ।

মুর্শিদাবাদের জেলা জজ মিঃ ইউছপ অবকাশ লইয়াছেন। শ্রীযুক্ত বেনিগাল নরসিং রাও আই, সি, এস, মহোদয় জেলা জজ নিযুক্ত হইয়াছেন।

সব জজ শ্রীযুক্ত কামিনীকুমার মুখোপাধ্যায় এম, এ, বি, এল, অবসর গ্রহণ করিলেন। রায় বৈকুণ্ঠনাথ সেন বাহাদুরের সভাপতিত্বে তাঁহার এক বিদায় সভার অনুষ্ঠান হয়াছিল।

## বৃষ্টিপাত।

এতদঞ্চলে সামান্য পরিমাণে বৃষ্টিপাত হইয়াছে। কোন কোন স্থানে ভাদুই ধান্য বপন কার্য্য চলিতেছে। কিন্তু অধিকাংশ জমি রই ধূলা ভিজে নাই। শীঘ্র যদ্যপি সুন্দররূপে বৃষ্টিপাত না হয় তাহা হইলে ভাদুই ধান্যের আশায় জলাঞ্জলি দিতে হইবে এবং দেশেও হাহাকার উঠিবে।

## ঝড়ের ধাক্কায় ট্রেণের পতন।

গত ২০শে বৈশাখ শনিবার অজয় সাউথ ব্লক হটের নিকট রাত্রি প্রায় ৮টার সময় আমোদপুর কাটোয়া রেলের ৯নং অপ্ মিক্সড্ ট্রেণখানি ঝড়ের ধাক্কায় উল্টাইয়া গিয়াছিল। সুখের বিষয়, আরোহীবর্গের মধ্যে কেহ হত বা আহত হয় নাই।

## ভীষণ সংবাদ।

—০—

### আফগানের ভারত আক্রমণ।

আফগানিস্থানের আমীর-চমু ভারতের উত্তর পশ্চিম সামান্তবর্ত্তী স্থান আক্রমণ করিয়াছে। সম্প্রতি তাহারা খাইবার পাশ দিয়া পঞ্জাব প্রদেশ আক্রমণ করিবার উদ্যোগ করিতেছে।—এইরূপ প্রকাশ। যদিও এই অতর্কিত আক্রমণ, তবু আমাদের বিশেষ আশঙ্কার কোনও কারণ নাই। যেহেতু ইউরোপীয় মহাসমরের সময় হইতে ভারতসীমান্ত সুরক্ষিত এবং এ পর্য্যন্ত ভারতীয় সৈন্য দ্বারা সুসজ্জিত হইয়া আছে। আশা করি, তাহাদিগের দ্বারাই আফগানিস্থানের দুরভিসন্ধি আকাশ-কুসুমে পরিণত হইবে।

## ভাষা বুঝি ভাসে।

—০—

(পূর্ব্ব প্রকাশিতের পর।)

বর্ত্তমান সময়ে শিক্ষাপ্রণালীর মূল উদ্দেশ্য ইংরাজী ভিত্তির উপর স্থাপিত হইলেও স্থল বিশেষে দুটী একটী বাঙ্গালা কথা না বলিলে বোধ হয় বিষয়গুলির সম্যক্ উপলব্ধি হয় না। যদিও একটী কথা আছে If you wish to learn true English you must think in English, speak in Englsh, dream in English and even walk in English. (যদি তুমি বিশুদ্ধ ইংরাজী শিখিতে চাও তবে তুমি ইংরাজীতে চিন্তা করিবে, ইংরাজীতে কথাবার্ত্তা কহিবে, ইংরাজীতে স্বপ্ন দেখিবে এবং এমন কি ইংরাজীতে চলা ফেরা করিবে।) তথাপি তাহা আমাদের দেশের বালকদিগের পক্ষে বিশেষ কার্য্যকরী হয় না। প্রাথমিক শিক্ষার মূলে দুটী একটী বাঙ্গালা কথা বলিলে বাঙ্গালীর ছেলের যেমন সুবিধা হয় তেমন বোধ হয় অন্য উপায়ে হয় না। তাই বলি যদি বর্ত্তমান অবস্থায় আমরা বিশুদ্ধ বাঙ্গালা ভাষার সামান্য সামান্য চর্চ্চা না করি তবে ভাষা বোধ হয় অচিরেই মুকুলে মুশুরিয়া যাইবে। মতভেদ নিন্দার কথা নহে কিন্তু মতভেদ হইলেই যে প্রণয়ভেদ হইবে তাহার ত কোনও কারণ দেখা যায় না। তাই বলি মনের সংকীর্ণতার পুটুলিটী দূরে এক কোণে সরাইয়া রাখিয়া উদার প্রাণে সনাতন পদ্ধতির অনুসরণ করিলে বোধ হয় আশা বৃক্ষ অচিরেই মুঞ্জরিত হইতে পারে। ঊষার অরুণচ্ছটায় যেমন দিগন্ত উদ্ভাসিত হয় তেমনি আমাদেরও কীর্ত্তিচ্ছটায় জগতের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত আলোকিত হইবে, ভাস্বর হইবে ক্রমে এমন দিন আসিতে পারে যে দিন কালের অক্ষয় গগনে বঙ্গ ভারতীর এবং বাঙ্গালীর বিজয় প্রশস্তি ঘোষণা করিবে।

৩। অবশ্যই স্বীকার করিতে হইবে যে বাঙ্গালা ভাষার রাজভাষারূপে প্রচলিত হইবার সম্ভাবনা নাই। প্রধানতঃ ভাষা দেশপূজ্য এবং জগৎপূজ্য হইবার দুইটী কারণ দেখিতে পাওয়া যায়। প্রথমতঃ যে ভাষাতে শিক্ষণীয় বিষয়ের যত প্রাচুর্য্য সে ভাষার সর্ব্বত্রই তত আদর ও প্রসার। দ্বিতীয়তঃ যাহা রাজভাষা তাহাই দেশপূজ্য। সুতরাং বাঙ্গালা ভাষাতে আপাততঃ দুইটীরই অভাব দেখিতে পাওয়া যায়। আমাদের জাতীয় সাহিত্য নাই, যে জাতির জাতীয় সাহিত্য নাই এক হিসাবে সে জাতি বড় দুর্ভাগা। বিজিত জাতির বিজেতার ভাষা শিক্ষা না করিলে বড় অসুবিধা হইয়া থাকে। অতএব উপরোক্ত কারণ দুটীর অভাবে বাঙ্গালা ভাষা দেশপূজ্য হইতে পারে না।

ক্রমশঃ।

## নীলামের ইস্তাহার।

### চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

### নিলামের দিন ১৫ই মে ১৯১৯।

নিম্নলিখিত নম্বরগুলির ডিক্রীদার রাজা শশিকান্ত আচার্য্য বাহাদুর।

২৯৯ খাং দেং বৈকুণ্ঠনাথ দাস দিং দাবি ৩৭৯৵/৬ পং সেরসাহাবাদ মৌজে সুরপুর ৮/ কাত ৫৵/৬ আঃ ৩০৲

২৯৮ খাং দেং হাফিজুদ্দিন মণ্ডল দাবি ৬০৬৬ পং ঐ মৌজে ডিক্রী প্রাপ্ত নারানপুর ৯/ কাত ৯৲ আঃ ৪০৲

২৯৭ খাং দেং এসামুদ্দি মণ্ডল দাবি ৪৮৬/৬ পরগনাদি ঐ ৭/ কাত ৭৲ আঃ ৩০৲

২৯৬ খাং দেং জগদুল্লভ দাস দিং দাবি ২৩।/ পং ঐ মৌজে সদাশিবপুর ৪/ কাত ২॥৶/১০ আঃ ২০৲

২৮৬ খাং দেং শ্রীমন্তলাল মিত্র দিং দাবি ৯॥৵ পং সের সাহাবাদ মৌজে আইরমারি ৬০ কাত ।৵/৫ আঃ ৫৲

২৮৩ খাং দেং হারু মণ্ডল দাবি ২২/৬ পং ঐ মৌজে নিজ সুরপুর ৮/ কাত ২।৵ আঃ ২০৲

২৮২ খাং দেং আবদুল রহমান মিস্ত্রী দিং দাবি ৩২৬৶/৬ পং ঐ মৌজে কালুপুর ৪/ কাত ৪॥/১১ আঃ ২০৲

২৮০ খাং দেং সাজিরুদ্দি মণ্ডল দাবি ১৫।৵/৯ পং ঐ মৌজে নুরুল্যাপুর ১/২॥ কাত ১৵ আঃ ৫৲

২৭৮ খাং দেং সোমিরুদ্দি মণ্ডল দাবি ২৯৬৶/৬ পং ঐ মৌজে খাসমহল নুরপুর ৫।০।০ কাত ৫৩ আঃ ২০৲

১৪২ খাং ডিঃ শচিন্দ্রনাথ রায় দিং পক্ষে কমন ম্যানেজার রামলাল দাস দেং রজনীকান্ত সরকার দাবি ১০/৫ মৌজে চন্দ্রপাড়া ১/ কাত ৬০ আঃ ৮৲

১৪১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯১৫ মৌজে ঐ ৬১ কাত ॥/৭॥ আঃ ৮৲

১৪০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৬৫ মৌজে ঐ ১/৪। কাত ১৬৫ আঃ ১০৲

নিম্নলিখিত নম্বরগুলির ডিক্রীদার রাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায়।

২৭৬ খাং দেং খোসবর মণ্ডল দাবি ১২।/ পং নস্করপুর মৌজে সেখালীপুর ॥৩ কাত ১।১২॥ আঃ ৫৲

২৭১ খাং দেং কিসমত মণ্ডল দাবি ২৬৲ পং নস্করপুর মৌজে জোতগাজি ১/১ কাত ১৬৪ আঃ ৭৲

১১১ খাং দেং গোকুলচন্দ্র সাহা দাবি ৩৮॥৶ পং ঐ মৌজে রাধাকৃষ্ণপুর ২॥০॥০ কাত ৩॥৵/৫ আঃ ৫৲

২৮ খাং ডিঃ কিরণবালা দেবী দেং ইজার সেখ দাবি ১০৬/ পং বীরামপুর মৌজে রাঘববাটী ১/৪ কাত ৬১২ আঃ ২৲

২৭ খাং ডিঃ ঐ দেং কৃষ্ণলাল মাঝি দাবি ২৪॥৶/১১ পং বহুতালী মৌজে বহুতালী ॥৩ কাত ২।৵/১৬ আঃ ৩৲

৩৭ খাং ডিঃ ঐ দেং জার্ব্বার খাঁ দাবি ৫॥৶/১৫ পরগনাদি ঐ ১॥১॥ কাত ॥/৯ আঃ ১৲

২৪৩ খাং ডিঃ মনিমোহন সেন দেং যোগেন্দ্র সরকার দাবি ১১॥৵/৫ পং আসরফভাগী মৌজে ফুলড়ি ১।০ কাত ১৶/১১। আঃ ৫৲

২১২ খাং ডিঃ সাহ আবদুল হোসেন মির দেং মোবারক সেখ দাবি ১২।/ পং রুকুনপুর মজকুড়ি ॥০ কাত ॥/ আঃ ২৲

৮৪৮ খাং ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং দরবারী ঘোষ দিং দাবি ১১৶/৬ পং জোয়ার বিরাহিমপুর মৌজে ফতেউল্যাপুর ১/ কাত ১।/১৫ আঃ ৫৲

৩২৪ খাং ডিঃ আশুতোষ চৌধুরী দেং মতীন্দ্র মণ্ডল দিং দাবি ২৮৬/৯ পং একবরসাহী মৌজে নিস্তা ৪/ কাত ৩॥৵/৫ আঃ ১০৲

### চৌকী জঙ্গিপুর এডিঃ মুন্সেফী আদালত।

### নিলামের দিন ১৯এ মে ১৯১৯।

১০৮ খাং ডিঃ রাজা শশীকান্ত আচার্য্য বাহাদুর দেং দোস্ত মহম্মদ মুন্সি দিং দাবি ১৬।০ পং সেরসাহাবাদ মৌজে দেবীপুর ৩/১ কাত ১॥৬ আঃ ১০৲

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যৎ পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্ ॥ ১ ;
চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক।
১৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ।
আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস লাভ করিবার প্রকৃত উপায়—

### আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## অতি সস্তার

কুহকে মজিয়া স্বাস্থ্য ও অর্থ নষ্ট করিবার পূর্ব্বে আমাদের বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় ঔষধ ব্যবহার করুন। শ্বাস কাসের মহৌষধ চ্যবনপ্রাশ /১ সের ৬৲ সাধারণ মকরধ্বজ ১ ভরি ৮৲ হিন্দুলোত্থ পারদযোগে প্রস্তুত মকরধ্বজ ১ ভরি ১৬৲ ধাতুদৌর্ব্বল্য অগ্নিমান্দ্য ও সুতিকায় "জীবনীয় রসায়ন" ইহা অল্পমেধা ছাত্র, প্রসুতি ও দুর্ব্বলের একমাত্র সহায়। মূল্য ২০ মাত্রা ১ শিশি ১৲ হাঁপানীর "বাসারিষ্ট ও কনকাসব" ১ মাত্রা সেবনেই হাঁপ কষ্ট কমিবে। মূল্য ১ শিশি ৸০ ও ৷৷০ আনা। প্রদরের অশোকারিষ্ট, ক্ষয় ও কাসের দ্রাক্ষারিষ্ট, বাতরক্ত, কুষ্ঠ, উপদংশ ও সকলপ্রকার রক্ত দুষ্টির অনন্তারিষ্ট ১ বোতল ১৷৷০ প্রমেহের চন্দনারিষ্ট ও চন্দনাদি চূর্ণ ১ দিনেই জ্বালা যন্ত্রণা ও পূয নির্গমন কমিবে। একত্রে ১৪ দিন সেবনোপযোগী ২৲ অগ্নিমান্দ্যে ভাস্কর লবণ /০ ছটাক ৷৷৵০ অগ্নিমান্দ্যে গঙ্গাধরী পাচক ১ কৌটা ১৫ বটী ।০ ইহা অগ্নিবর্দ্ধক অরুচি নাশক। কোষ্ঠ বদ্ধে গঙ্গাধরী রেচক বা দ্রাক্ষাদি ১ কৌটা ৯ বটী ।৵০ ইহাতে আমবাত, কোমরের ব্যথা, পুরাতন জ্বর, গুল্ম ও শূল প্রভৃতি আরোগ্য হয়। রাত্রে শয়নের পূর্ব্বে সেবনে সকালে কোষ্ঠ শুদ্ধি হয়। দন্ত মজ্জন ১ কৌটা ৵০। দাদের মলম ১ কৌটা ।০ আনা। অন্যান্য ঔষধ ও জারিত ধাতু দ্রব্য সুবিধা হয়। পরীক্ষা প্রার্থনীয়। পাইকার ও ছাত্রদিগকে সুবিধায় দেওয়া হয়।

সুপ্রসিদ্ধ কবিরাজ রাজেন্দ্রনারায়ণ সেন মহাশয়ের ভাগিনেয় ও ছাত্র আয়ুর্ব্বেদীয় পরীক্ষায় সর্ব্বোচ্চ পদকপ্রাপ্ত
**কবিরাজ শ্রীবিভূতিভূষণ গুপ্ত কবিরঞ্জন, গয়া।**

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে।
জঙ্গিপুর সাহেব বাজার ( মুর্শিদাবাদ )

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৷৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷৷০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দেকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ।

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ৷৷০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় থাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীও জঙ্গিপুর, ( মুর্শিদাবাদ )

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

( সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র। )

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত-সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৷৵০ দশ আনা।

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ।